# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 28.04.2024** **Time: 7.35 A.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) স্কুল সার্ভিস কমিশনের চাকরি বাতিল সংক্রান্ত আপিল মামলার শুনানি আগামীকাল সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের এজলাসে হবে।

২) তৃতীয় পর্বের লোকসভা ভোটের আগে আজ জমে উঠেছে রবিবাসরীয় প্রচার।

৩) কর ঘটিত বিবাদের দ্রুত নিষ্পত্তি ঘটাতে রাজ্য সরকার, জিএসটি সংক্রান্ত দুটি নতুন আপিল আদালত তৈরি করছে।

৪) জয়েন্ট এন্ট্রান্সে আজ পরীক্ষার্থীদের সুবিধার্থে একগুচ্ছ ব্যবস্থা নেওয়া হয়েছে। প্রতিটি কেন্দ্রে থাকছে ওআরএস ও জেনারেটারের ব্যবস্থা। চলছে বাড়তি ট্রেন, মেট্রো ও বাস।

৫) দক্ষিণবঙ্গে মঙ্গলবার পর্যন্ত তীব্র তাপপ্রবাহের লাল সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

৬) আইএসএল ফুটবল সেমিফাইনালে দ্বিতীয় পর্বের ম্যাচে যুবভারতী ক্রীড়াঙ্গনে মোহনবাগান সুপার জায়ান্টস আজ ওড়িশা এফসির মুখোমুখি হবে।

-----------------------------------------------------------------------------------

স্কুল সার্ভিস কমিশনের চাকরি বাতিল সংক্রান্ত আপিল মামলার শুনানি আগামীকাল সোমবার সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের এজলাসে হবে। গত

সোমবার এস এস সি -তে ২৫ হাজার ৭৫৩ জনের চাকরি বাতিলের নির্দেশ দিয়েছিল কলকাতা হাইকোর্ট। ওই নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টে গিয়েছে রাজ্য সরকার। রাজ্যের শিক্ষা দফতর, এসএসসি এবং মধ্যশিক্ষা পর্ষদ মামলা করে শীর্ষ আদালতে।

প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জে বি পারদিওয়ালা এবং বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চে আগামীকাল এই মামলার শুনানি হবে। উল্লেখ্য গত সোমবার বিচারপতি দেবাংশু বসাক এবং বিচারপতি মহম্মদ শব্বর রশিদির ডিভিশন বেঞ্চ ২০১৬ সালের এসএসসি নিয়োগের প্রক্রিয়া বাতিল করে। চাকরি যায় ২৫ হাজার ৭৫৩ জনের। যাঁরা মেয়াদ-উত্তীর্ণ প্যানেলে চাকরি পেয়েছেন তাদের ১২ শতাংশ সুদ সহ বেতন ফেরতের নির্দেশ দিয়েছিল আদালত। সিবিআই এই তদন্ত চালিয়ে যাবে বলেও নির্দেশ দিয়েছে হাইকোর্ট।

-----------------------

চাকরিহারা যোগ্য স্কুল শিক্ষকদের চাকরি ফিরিয়ে দেওয়ার দাবিতে, গতকাল বাম ছাত্র যুব সংগঠনের নেতৃত্বে সল্টলেকে স্কুল সার্ভিস কমিশনের দপ্তরে অভিযান শুরু করলে পুলিশ করুণাময়ী মোড়ে তাদের আটকে দেয়। মীনাক্ষী মুখোপাধ্যায়ের নেতৃত্বে ব্যারিকেড ভেঙ্গে বাম ছাত্র যুব সংগঠনের কর্মী সমর্থকরা এগিয়ে যাওয়ার চেষ্টা করলে পুলিশের সঙ্গে তাদের বাকবিতণ্ডা ও ধস্তাধস্তি শুরু হয়ে গেলে কার্যত রণক্ষেত্রের চেহারা নেয় করুণাময়ী মোড়। এই ঘটনায় সংগঠনের কয়েকজন মহিলা সদস্য অসুস্থ হয়ে পড়েন। পরে মীনাক্ষী বলেন, চাকরিহারা শিক্ষকদের চাকরিতে ফেরানোর দাবিতে আজ তাদের এসএসসি ভবনে ডেপুটেশন দেওয়ার কর্মসূচি ছিল। কিন্তু পুলিশ অন্যায়ভাবে তাদের পথ আটকায় এবং সংগঠনের বেশ কয়েকজন সদস্যকে তুলে নিয়ে যায়।

-----------------------

তৃতীয় পর্বের লোকসভা  ভোটের আগে আজ জমজমাট রবিবাসরীয় প্রচার। আজ  রাজ্যে এই প্রথম ভোটপ্রচারে আসছেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নড্ডা। পাশাপাশি, রাজ্যে ফের ভোট প্রচারে আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও। বিজেপি সূত্রে খবর, আজ জে পি নড্ডা দু'টি সভা করবেন। প্রথম সভাটি মুর্শিদাবাদের বহরমপুরের জলি বাগান মাঠে দুপুর ১টা নাগাদ হওয়ার কথা। এর পরই তিনি দুপুর ৩টে নাগাদ তাঁর দ্বিতীয় সভার কর্মসূচী রয়েছে। নদিয়ার রানাঘাটের বগুলা আইটিআই কলেজের মাঠে।

নাড্ডার সভার পর দিনই অর্থাৎ সোমবার পূর্ব বর্ধমানের কাটোয়াতে সভা করবেন অমিত শাহ। মঙ্গলবার কৃষ্ণনগর কেন্দ্রেও একটি সভা করার কথা রয়েছে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর।

তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ মালদায় নির্বাচনী প্রচারে অংশ নেবেন। সেখানে তাঁর দুটি কর্মসূচী রয়েছে। আগামীকাল তিনি মুর্শিদাবাদে প্রচার করবেন।

সিপিআইএম নেতা মহম্মদ সেলিম মুর্শিদাবাদ কেন্দ্রে, প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী তাঁর নির্বাচনী ক্ষেত্রে বহরমপুরে প্রচার করবেন।

-----------------------

তৃণমূল নেত্রী মমতা ব্যানার্জী গতকাল দুর্গাপুরে হেলিকপ্টারে ওঠার সময় পড়ে গিয়ে চোট পান। তবে তাঁর বড় চোট লাগেনি বলে দলীয় সূত্রে জানা গেছে। ঐ হেলিকপ্টারেই তিনি আসানসোল কেন্দ্রে গিয়ে দুটি সভা করেন।

-----------------------

দ্বিতীয় দফার ভোটগ্রহণে রাজ্যের ৩ আসনে গড়ে ৭৬ দশমিক ৫৮ শতাংশ ভোট পড়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি  ৭৯ দশমিক ০/৯ শতাংশ ভোট পড়েছে বালুরঘাটে, রায়গঞ্জে ৭৬ দশমিক ১/৮ শতাংশ এবং দার্জিলিংয়ে ৭৪ দশমিক ৭/৬ শতাংশ ভোট পড়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানানো হয়েছে।

-----------------------

কর ঘটিত বিবাদের দ্রুত নিষ্পত্তি ঘটাতে রাজ্য সরকার পণ্য পরিষেবা কর সংক্রান্ত দুটি নতুন আপিল আদালত তৈরি করছে। আগামী আগস্ট-সেপ্টেম্বর মাসের মধ্যেই নতুন ট্রাইব্যুনাল দুটি কাজ শুরু করবে। রাজ্যে  কর সংক্রান্ত বিরোধের অসংখ্য বকেয়া মামলার দ্রুত সমাধান করতেই এই উদ্যোগ। এই প্রতিটি বেঞ্চের চারজন করে সদস্য থাকবেন। তার মধ্যে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের একজন করে প্রতিনিধি এবং দুজন স্বাধীন বিচার বিভাগীয় সদস্য থাকবেন। রাজ্যের পাশাপাশি সিকিম এবং আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জের করদাতাদের জিএসটি সংক্রান্ত বিবাদের নিষ্পত্তি করবে এই ট্রাইবুনাল। বণিকসভা  বেঙ্গল চেম্বার অফ কমার্সের  জাতীয় আর্থিক এবং কর বিষয়ক কমিটির চেয়ারম্যান বিবেক জালান বলেন, আপিল আদালত চালু হলে জিএসটি সংক্রান্ত বিরোধ নিয়ে ব্যবসায়ীদের আর আদালতে ছুটতে হবে না। দ্রুত মীমাংসা হওয়ায় তাঁদের ঝঞ্ঝাট অনেক কমবে।

-----------------------

তাপপ্রবাহের মধ্যে আজ জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় ছাত্র-ছাত্রীদের সুবিধার্থে একগুচ্ছ ব্যবস্থা নেওয়া হয়েছে। প্রতিটি কেন্দ্রে ওআরএস এবং জেনারেটর রাখার ব্যবস্থা করা হয়েছে বলে জানিয়েছেন বোর্ডের চেয়ারম্যান মলয়েন্দু সাহা। স্বচ্ছ জলের বোতল নিয়েও হলে ঢোকা যাবে।

উল্লেখ্য, ইঞ্জিনিয়ারিং, ফার্মেসি ও স্থাপত্যবিদ্যার কলেজগুলিতে ভর্তির জন্য রাজ্যের ৩২৫ টি ও অসম ও ত্রিপুরার তিনটি কেন্দ্রে ১ লক্ষ ৪২ হাজার ৬ শো চুয়ান্ন জন পরীক্ষার্থী এবার পরীক্ষায় বসছেন। পরীক্ষা শুরু সকাল ১১ টায়। গরমের হাত থেকে বাঁচতে পড়ুয়াদের সকাল সাড়ে ৯টা তেই পরীক্ষা কেন্দ্রে পৌঁছে যাওয়ার পরামর্শ দিয়েছে রাজ্য জয়েন্ট এন্ট্রান্স বোর্ড।

পরীক্ষার্থীদের সুবিধার্থে পূর্ব রেল আজ হাওড়া ডিভিশনে বিশেষ ট্রেন চালানর সিদ্ধান্ত নিয়েছে।

মেট্রো রেলও আজ উত্তর দক্ষিণের ব্লু লাইনে বিশেষ ট্রেন চালাচ্ছে।

রাজ্যের পরিবহন দপ্তর আজ বিশেষ বাস চালানোর সিদ্ধান্ত নিয়েছে। সকাল সাড়ে আটটা থেকে ১১ টা পর্যন্ত এবং বিকেলে সাড়ে তিনটে থেকে সাড়ে পাঁচটা পর্যন্ত অতিরিক্ত বাস চলবে।

------------------------

সন্দেশখালিতে শুক্রবার অস্ত্র উদ্ধারের পর গতকাল হাসনাবাদে এক বিজেপি নেতার বাড়িতে বোমা বিস্ফোরণে রাজ্য রাজনীতিতে ব্যাপক চাঞ্চল্য দেখা দিয়েছে।

উত্তর চব্বিশ পরগনার হাসনাবাদের কালীবাড়ির দক্ষিণ শিমুলিয়া এলাকায় বিজেপি নেতা নিমাই দাসের ভাই দিলীপ দাসের বাড়িতে গতকাল দুপুরে হঠাৎ বিস্ফোরন ঘটে। ঘটনাস্থলে সিআইডির বম্ব স্কোয়াড ও ফরেন্সিক দল গিয়ে নমুনা সংগ্রহ করেছে।

এই বিস্ফোরণে দিলীপ দাসের স্ত্রী শ্যামলী দাস আহত হয়েছেন। তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়। খবর পাওয়া মাত্রই ঘটনাস্থলে ছুটে যায় হাসনাবাদ থানার বিশাল পুলিশ বাহিনী। পুলিশ দিলীপ দাসকে আটক করে জিজ্ঞাসবাদ করছে।

এদিকে দিলীপ দাসকে আটক করায় বিজেপি বিক্ষোভ দেখায়। তারা পুলিশের কাছে অভিযোগ করে, তৃণমূল কংগ্রেসের লোকজন দিলীপ দাসের বাড়িতে লুকিয়ে বোমা রেখে আসে। পুলিশ তার বাড়িটি সিল করে দিয়েছে।

অন্যদিকে, তৃণমূল নেত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন, সন্দেশখালির অস্ত্র উদ্ধারের ঘটনায় কেন্দ্রীয় এজেন্সি নিজেরাই অস্ত্র নিয়ে গিয়েছিল কিনা, তা নিয়ে সন্দেহ আছে। গতকাল তিনি আসনসোল এবং কুলটির জনসভায় বলেন, এজেন্সি, সঙ্গে করে বন্দুক নিয়ে এসে বাড়িতে রেখে যেতে পারে।

এদিকে, তৃণমূল নেত্রীর বক্তব্যের কড়া সমালোচনা করে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, বাংলায় জঙ্গীদের হাব গঠন করা হয়েছে। পুলিশ তার কাজ করতে পারে না বলেই অস্ত্র সন্ত্রাসীদের সংখ্যা বাড়ছে।

------------------------

উত্তর ও উত্তর পশ্চিম দিক থেকে আসা শুষ্ক বাতাসের প্রভাবে তীব্র গরমের জেরে রাজ্যের বেশীরভাগ জেলায় সাধারণ জনজীবন ব্যাহত। আবহাওয়া দফতর আগামী মঙ্গলবার পর্যন্ত বেশীরভাগ জেলাতেই তাপপ্রবাহের পূর্বাভাস দিয়েছে।

দক্ষিণবঙ্গে পূর্ব ও পশ্চিম বর্ধমান, দুই মেদিনীপুর, বীরভূম, বাঁকুড়া, ঝাড়গ্রাম জেলায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গে মঙ্গলবার পর্যন্ত তীব্র তাপপ্রবাহের লাল সতর্কতা জারি করা হয়েছে।

উত্তরবঙ্গের মালদা ও দুই দিনাজপুরেও কমলা সতর্কতা এবং জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ারে আর্দ্র ও অস্বস্তিকর গরমের হলুদ সতর্কতা জারি করা হয়েছে।

**কলকাতায় গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৪১ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ৫ ডিগ্রি বেশি। আজকের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে স্বাভাবিকের চেয়ে তিন ডিগ্রি বেশি, ২৯ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস।**

------------------------

নজিরবিহীন গরমের সঙ্গে পাল্লা দিয়ে রাজ্যে বিদ্যুতের চাহিদাও নতুন রেকর্ড তৈরি করেছে। গত বছর জুন মাসে রাজ্য বিদ্যুৎ বন্টন সংস্থার বিদ্যুতের চাহিদা ছিল ৯২০০ মেগাওয়াট। সেই তুলনায় চলতি মরশুমে এই চাহিদা আরও প্রায় ৬-৭ শতাংশ বেড়েছে বলে বিদ্যুৎ দফতর সূত্রে খবর। শহরতলিতে যাতে কোনওভাবে বিদ্যুৎবিভ্রাট না হয় তার জন্য দফতর প্রস্তুত রয়েছে বলে বিদ্যুত মন্ত্রী অরূপ বিশ্বাস জানান।

------------------------

নির্দিষ্ট খবরের ভিত্তিতে লিলুয়া থানার অপরাধ দমন শাখা গতকাল অভিযান চালিয়ে একটি আগ্নেয়াস্ত্র এবং চারটি কার্তুজ সহ এক যুবককে গ্রেফতার করে। নাগরিক স্টোর সংলগ্ন এলাকায় অভিযুক্তকে প্রথমে আটক করা হয়। এরপর তাকে জেরা করে উদ্ধার হয়েছে একটি আগ্নেয়াস্ত্র সহ চারটি কার্তুজ। ধৃত ব্যক্তি কোথা থেকে ওই অবৈধ আগ্নেয়াস্ত্র ও কার্তুজ জোগাড় করেছিল তা খতিয়ে দেখছে লিলুয়া থানার পুলিশ। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনে মামলা রুজু করে তদন্ত শুরু করা হয়েছে।

------------------------

আইএসএলের সেমিফাইনালে দ্বিতীয় পর্বের ম্যাচে যুবভারতী ক্রীড়াঙ্গনে মোহনবাগান সুপার জায়ান্ট আজ ওড়িশা এফ সি র মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। ভুবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে প্রথম পর্বের ম্যাচে ওড়িশা এফ সি

২-১ গোলে জয়ী হয়েছিল। আইএসএলে লীগ শিল্ড জয়ী সবুজ মেরুন দলকে শেষ চারে পৌঁছতে হলে আজকের ম্যাচ অন্ততঃ দু গোলের ব্যবধানে জিততে হবে।

এই ম্যাচকে ঘিরে মোহনবাগান সমর্থকদের মধ্যে ব্যাপক উন্মাদনা সৃষ্টি হয়েছে। টিকিটের চাহিদা তুঙ্গে।

------------------------ ------------------------